Times Today BD

আলী হায়দার | ঢাকা | 11 May, 2025

কিশোরগঞ্জের ভৈরব ও কুলিয়ারচরে পৃথক পৃথক বজ্রপাতে তিনজন নিহত হওয়ার খবর পাওয়া গেছে।

রবিবার (১১ মে) বিকাল সাড়ে তিনটার দিকে এ-সব বজ্রপাতের ঘটনা ঘটে।

বজ্রপাতে নিহতরা হলেন, ভৈরব উপজেলার সাদেকপুর ইউনিয়নের রসুলপুর গ্রামের মৃত আফসার উদ্দিনের ছেলে ফারুক মিয়া (৬০), একই উপজেলার শ্রীনগর ইউনিয়নের ইউনুস মিয়ার ছেলে ফয়সাল  মিয়া (২৮) ও কুলিয়ারচর উপজেলার হাজারী নগর গ্রামের সফু মিয়ার ছেলে কবির হোসেন (২৫)।

স্থানীয়সূত্রে জানা যায়, নিহত ফারুক মিয়া বিকাল সাড়ে তিনটার দিকে হাওরে জমিতে ধান কাটতে গিয়ে বজ্রপাতে নিহত হয় এছাড়া উপজেলার শ্রীনগর ইউনিয়নের ফয়সাল বাড়ির পাশের জমিতে ধানের খড় আনতে গিয়ে বজ্রপাতে নিহত হয়।

অপরদিকে কুলিয়ারচর উপজেলার ছয়সূতী ইউনিয়নের হাজারীনগর গ্রামের কবির হোসেন জমিতে কাজ করতে গিয়ে বজ্রপাতে নিহত হন।নিহত কবির ভৈরবের হাজী আসমত কলেজের দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থী।পরে তাদের স্থানীরা উদ্ধার করে ভৈরব উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে এলে কর্তব্যরত চিকিৎসক তাদের মৃত ঘোষণা করেন।

নিহত ফারুক মিয়ার ভাতিজা খোকন মিয়া বলেন, বাড়ির পশ্চিম পাশে জমিতে কাজ করছিল আমার চাচা ফারুক মিয়া।আকাশ মেঘলা দেখে বিকাল সাড়ে তিনটার দিকে বাড়িতে আসার

মুহূর্তে বজ্রপাতে আহত হোন।আমার চাচার পরিবার কৃষি নির্ভর।তার চার ছেলে ও এক মেয়ে।

নিহত কবির হোসেনের বাবা সাফু মিয়া বলেন, কবির গরুকে খাবার দিয়ে মা ও ভাবিকে সাথে নিয়ে খড় আনতে মাঠে যায়।এক বাউলি আনার পর দ্বিতীয় বার গেলে বৃষ্টি ও বজ্রপাত শুরু হয়।এ-সময় সে বাড়ি চলে আসতে চাইলে বজ্রপাতে নিহত হয়।

ভৈরব উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা: উম্মে হাবিবা জুই ৩ জনের মৃত্যুর কথা নিশ্চিত করেছেন।

বজ্রপাত কৃষক মৃত্যু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:43

URL: https://www.timestodaybd.com/dhaka/7758072322